গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

নথি নং-৫৩১/এপি/সেকশন-৪/২০১৭-২০১৮ তারিখ-

বিষয়ঃ ২১/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত বি/ই নং-সি-৯৫৬১৯০, তারিখ-২৬/০৭/২০১৭ এর বিপরীতে Wall Tiles ঘোষনায় আমদানিকৃত পণ্যের বিষয়ে ২১/০৮/২০১৭ তারিখ অনুষ্ঠিত এ্যাসেসমেন্ট কমিটির সভার কার্যবিবরণী।

১.০ আমদানিকারক ফেইথ এন ট্রাস্ট, ঢাকা কর্তৃক আমদানিকৃত পণ্য চালানটি খালাসের লক্ষ্যে বি/ই নং-সি-৯৫৬১৯০, তারিখ-২৬/৭/২০১৭ কাস্টম হাউস, চট্টগ্রামে দাখিল করেন। কর্মাশিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট ও কায়িক পরীক্ষা অনুসারে পণ্যের বর্ণনা নিম্নরূপঃ

| SL | Description of Goods | H S Code | Quantity | Amount (USD) |
|---|---|---|---|---|
| 1. | Ceramic Glazed Wall Tiles Size:60×30cm | 6908.90.00 | 1738.80 SQM | 6781.32 |
| | Ceramic Glazed Wall Tiles Size:60×30cm | 6908.90.00 | 1134.00 SQM | 4422.60 |
| 2. | Ceramic Glazed Wall Tiles Size:45×30cm | 6908.90.00 | 612.36 SQM | 2051.41 |
| 3. | Ceramic Glazed Wall Tiles Size:30×30cm | 6908.90.00 | 87.48 SQM | 293.06 |
| Total Amount (USD) | | | | 13548.38 |

২.০ আলোচ্য পণ্য চালানের আমদানিকারক কর্তৃক ঘোষিত পণ্যের বর্ণনা Ceramic Glazed Wall Tiles Size:60×30cm। পণ্য চালানটি শতভাগ কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষাকারী কর্মকর্তাগণ পণ্যটি Decorative or Non-Decorative নিশ্চিত নয় মর্মে প্রতিবেদনে উল্লেখ করে। ফলে পণ্যের নমুনা অনুযায়ী আলোচ্য পণ্যটি Decorative Tiles হিসাবে শুল্কায়নের সিদ্ধান্ত নিলে আমদানিকারকের আপত্তির প্রেক্ষিতে ২১/০৮/২০১৭ তারিখ সন্ধা ৬.৩০ ঘটিকায় এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচনা ও পর্যালোচনা নিম্নরূপঃ


২.১ আলোচনা ঃ

২.১.১ আমদানিকারক জনাব মোহাম্মদ শফিকুল আলম এ মর্মে সভাকে অবহিত করেন যে, তার প্রতিষ্ঠান India থেকে Ceramic Glazed Wall Tiles, Size:60×30cm Printed হিসাবে পণ্য চালানটি আমদানি করে। কিন্তু শুল্কায়ন শাখা হতে পণ্যগুলোকে Decorative Tiles হিসাবে শুল্কায়নের প্রস্তাব করা হয়। Decorative Tiles হিসাবে শুল্কায়ন করা হলে H S Code বা শুল্ক হারের তারতম্য না হলেও মূল্যের ক্ষেত্রে অনেক পার্থক্য থাকায় তিনি ব্যবসায়িকভাবে অনেক ক্ষতিগ্রস্থ হবেন বলে উল্লেখ করেন।

এ পর্যায়ে কমিটির সভাপতি জানান মূল্য সংশ্লিষ্ট বিষয়াবলী শুল্ক মূল্যায়ন (আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুসারে নিস্পত্তিযোগ্য, এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে নয়। তিনি উল্লেখ করেন শুল্ক মূল্যায়ন বিধিমালা অনুসারে মূল্য নির্ধারণ সম্ভব না হলে বাজার মূল্য যাচাইপূর্বক নির্ধারণ করা উচিত। সভাপতির এ বক্তব্যের প্রেক্ষিতে শুল্কায়ন শাখার উপ-কমিশনার জানান, বাজর মূল্য যাচাই সময় সাপেক্ষ হবে বিধায় আমদানিকারক চালানটি দ্রুত ছাড়করণের লক্ষ্যে এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে নির্ধারণের জন্য অনুরোধ করেন। তিনি জানান ইতোপূর্বেও এভাবে কতিপয় চালানের ক্ষেত্রে নির্ধারণ করা হয়েছে। তাছাড়া Tiles এর ক্ষেত্রে সরকার কর্তৃক প্রজ্ঞাপনের মাধ্যমে সাইজ ভেদে Printed এবং Decorative Tiles এর ন্যূনতম মূল্য নির্ধারণ করা আছে। এ সভায় উপস্থাপিত পণ্যগুলো Printed এবং Decorative Tiles এর মাঝামাঝি প্রকৃতির। তাই বিষয়টি সভায় আলোচনা করা যেতে পারে। উপ-কমিশনারের উক্ত বক্তব্যের প্রেক্ষিতে সভাপতি পণ্যের নমুনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন। একই সাথে ভবিষ্যতে মূল্য সংক্রান্ত বিষয়ে কোন আপত্তি উত্থাপিত হলে শুল্ক মূল্যায়ন (আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুসারে নিস্পত্তি করার জন্য বলেন। বিধিমালা অনুসারে সম্ভব না হলে কমিশনারের অনুমোদনক্রমে বিশেষ কমিটির মাধ্যমে তা পরীক্ষা-নিরীক্ষা করা যেতে পারে, এ্যাসেসমেন্ট কমিটি তথা শ্রেণীবিন্যাস কমিটির মাধ্যমে নয়।

চলমান পাতা/০২

অতঃপর আমদানিকারক Printed, Decorative-সহ অন্যান্য প্রকারের কিছু টাইলস এর নমুনা প্রদর্শণ করেন, যা নিম্নের ছবিতে দেখানো হলোঃ




| | | |
|---|---|---|
| বর্তমান চালানে আমদানিকৃত সাধারণ প্রিন্টেড টাইলস (Plan) | বর্তমান চালানে আমদানিকৃত ও আপত্তি সংশ্লিষ্ট টাইলস | আমদানিকারক কর্তৃক প্রদর্শিত Decorative Tiles |

উল্লিখিত নমুনা পর্যালোচনা করে তিনি পণ্যের মূল্য পুনঃ নির্ধারণের অনুরোধ করেন।

২.১.২ শুল্কায়ন শাখার কর্মকর্তা জানান আলোচ্য চালানে India থেকে আমদানিকৃত পণ্যের নমুনা পর্যালোচনায় দেখা যায় যে, পণ্যগুলো সাধারণ Ceramic Wall Tiles এর চেয়ে উন্নত মানের ও উপরিভাগে কিছু ডিজাইন করা আছে। পণ্যগুলোর নমুনা দৃষ্টে Floor এবং Wall উভয় ক্ষেত্রে ব্যবহারের সুযোগ রয়েছে মর্মে প্রতীয়মান হয়। নমুনা দৃষ্টে পণ্যগুলো সাধারণ Printed Tiles হিসাবে শুল্কায়ন যুক্তিযুক্ত হবে না, বরং Decorative Tiles হিসাবে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং-১৪২-আইন/২০১৭/২৮/কাস্টমস, তারিখ-১/৬/২০১৭ অনুসারে শুল্কায়ন করাই যুক্তিযুক্ত।

২.২ পর্যালোচনা ঃ

আমদানিকারকের বক্তব্য, শুল্কায়ন শাখার বক্তব্য, পণ্যের নমুনা ও এতদসংক্রান্ত আদেশে নির্দেশ পর্যালোচনা করা হলো। পণ্যের নমুনা পর্যালোচনায় পণ্যগুলো আমদানিকারকের ঘোষনা অনুসারে যেমন Plan Tiles নয়, তেমনি শুল্কায়ন শাখার মতামত অনুসারে Decorative Tiles বলা যুক্তিযুক্ত হবে না। এসকল Tiles এ সৌন্দর্য বর্ধনের জন্য কিছু Bubble Type Design সংযোজন করা হলেও এবং এগুলো Attractive ও Bright Colour এর হলেও পণ্যগুলোতে কোন খাজ বা ছাপ বসানো কোন Design করা হয়নি, যা সাধারণত Decor Tiles এ করা হয়ে থাকে। Website [http://interiordesign.lovetoknow.com/Decorative_Wall_Tiles] ও নমুনা পর্যালোচনায় বিষয়টি সুস্পষ্ট হয়।



| | | |
|---|---|---|
| কায়িক পরীক্ষায় প্রাপ্ত ও আপত্তি সংশ্লিষ্ট টাইলস | আমদানিকারক কর্তৃক প্রদর্শিত Decorative Tiles | Website এ প্রাপ্ত Decorative Tiles |

উপরের বর্ণনা হতে সভায় উপস্থিত সদস্যগণ এই মর্মে একমত পোষণ করেন যে, সভায় উপস্থাপিত পণ্যগুলো Plan বা Decorative Tiles নয়। এগুলোকে Bubble Tiles হিসাবে Plan Tiles এর অধিক কিন্তু Decorative Tiles এর চেয়ে কম মূল্যে শুল্কায়ন কর সমীচিন হবে। উল্লেখ্য, প্রজ্ঞাপন নং-১৪২-আইন/২০১৭/২৮/কাস্টমস, তারিখ-১/৬/২০১৭ অনুসারে Plan ও Decorative Tiles এর মূল্য নিম্নরূপঃ

| SL | Description of Goods | Size | C/O | Value (USD) |
|---|---|---|---|---|
| 1 | Plan Tiles | 60×30cm | Asian Origin | 5.50/SQM |
| | | 45×30cm | Asian Origin | 4.50/SQM |
| | | 30×30cm | Asian Origin | 4.50/SQM |
| 2 | Decorative Tiles | Any Size | Asian Origin | 9.00/SQM |

চলমান পাতা/০৩

সিদ্ধান্ত ঃ

সার্বিক বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্য এই মর্মে সিদ্ধান্তে উপনীত হন যে,

(ক) আলোচ্য চালানে আমদানিকৃত Bubble Type এর Tiles গুলোর প্রতি বর্গমিটার ৭.৫০ মার্কিন ডলার মূল্যে শুল্কায়ন করতে হবে।

(খ) ভবিষ্যতে কোন পণ্য চালানের মূল্য বিষয়ে আপত্তি উত্থাপিত হলে তা শুল্ক মূল্যায়ন (আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুসারে নিষ্পত্তিযোগ্য হবে।

27.08.17
আমদানিকারকের প্রতিনিধি
ও
স্বত্বাধিকারী
এস এম সোহরাব
কার্ড নং-২২৫৬/৯৩।

27.8.17
কাজী মাহমুদ ইমাম বিল্লু
যুগ্ম-সাধারণ সম্পাদক
সিএন্ডএফ এসোসিয়েশন প্রতিনিধি।

27.08.17
এ কে এম আক্তার হোসেন
পরিচালক
চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের
প্রতিনিধি।

27.08.17
মোঃ রবিউল মোর্শেদ
সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৪
কাস্টম হাউস, চট্টগ্রাম।

27.08.17
শেখ জাহিদুর রেহমান
সহকারী রাজস্ব কর্মকর্তা
এআইআর
কাস্টম হাউস, চট্টগ্রাম।

27.08.17
মিজানুর রহমান
রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৪
কাস্টম হাউস, চট্টগ্রাম।

২৭/৮/২০১৭
চপল চাকমা
ডেপুটি কমিশনার
শুল্কায়ন সেকশন-৪
কাস্টম হাউস, চট্টগ্রাম।

মুঃ রইচ উদ্দিন খান
যুগ্ম-কমিশনার-২
কাস্টম হাউস, চট্টগ্রাম।

27.08.17
মোহাম্মদ হাসমত আলী
যুগ্ম-কমিশনার-১
কাস্টম হাউস, চট্টগ্রাম।

২৯/০৮/২০১৭
মোহাম্মদ শফি উদ্দিন
অতিরিক্ত কমিশনার-২
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৫৩১/এপি/সেকশন-৪/২০১৭-২০১৮ ৭৪৫৫ (১৪) তারিখ- ৩১/৮/১৭

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠ্যতা ক্রমানুসারে নয়) ঃ

১। সদস্য (শুল্কঃ নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২-৬। কমিশনার, আইসিডি কমলাপুর/মংলা/ঢাকা/পানগাঁও/বেনাপোল।
৭। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৯-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/যশোর/রাজশাহী/রংপুর/ঢাকা (উত্তর), (দক্ষিণ), (পূর্ব), (পশ্চিম)।
১৯। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, গুলফেশা প্লাজা (৬ষ্ঠ তলা), ৬৯, আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা-১২১৭।
২০। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, সাগরিকা রোড, চট্টগ্রাম।
২১। সিস্টেম এ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের Website এ সংশ্লিষ্ট কার্যবিবরণীটি Upload করার জন্য অনুরোধ করা হলো)।
২২-২৩। দ্বিতীয় সচিব (কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং/শুল্কঃ মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২৪। সিস্টেম এ্যানালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম (তাঁকে কাস্টম হাউস, চট্টগ্রামের Website এ সংশ্লিষ্ট কার্যবিবরণীটি Upload করার জন্য অনুরোধ করা হলো)।
২৫। সভাপতি, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।
২৬। আমদানিকারক স্বত্বাধিকারী Faith N Trust, 18/2-3, Paribag, Sonargaon Road, Hatirpool, Dhaka.
২৭। সিএন্ডএফ এজেন্টঃ স্বত্বাধীকার, Imperial Trading Agency, Dostogir Market, 390, DT Road, Chittagong.
২৮। পি-এ-টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯/০৮/২০১৭
(মোহাম্মদ শফি উদ্দিন)
অতিরিক্ত কমিশনার

C:\Users\user\Desktop\Assessment Committee Latter.doc

নথি নং- ৩৬৫০/এপি/সেকশন-৪/১৭-১৮
নথি নং-৭০৬/এআইআর/১৭-১৮

২৪। ২০/০২/২০১৮ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি অতিরিক্ত কমিশনার-১, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সভাপতিত্বে কমিটির সকল কর্মকর্তা/সদস্যের উপস্থিতিতে এ্যাসেসমেন্ট কমিটি এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় INSOLE SHEET এর এইচএসকোড নির্ধারন বিষয়ে আলোচনা হয়।

২৫। সার্বিক পর্যালোচনায় কমিটির সকল সদস্যগণ BCT, EXPLANATERY NOTEG এবং নমুনা এর আলোকে এই সিদ্ধান্তে উপনীত হন যে, আমদানিকারকের আবেদন বিবেচনা পূর্বক আমদানিকৃত পণ্যের INSOLE SHEET এর এইচএসকোড ৪৮২৩.৯০.৯৯ তে শুল্কায়নের সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্য, চেম্বার অব কর্মাস ও সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন প্রতিনিধি একমত পোষন করেন।

| | | |
|---|---|---|
| আমদানিকারক/মনোনীত প্রতিনিধি<br>সিএন্ডএফ এজেন্ট | সিএন্ডএফ এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার অব কমার্স এন্ড<br>ইন্ডাষ্ট্রিজের প্রতিনিধি |
| সহকারী রাজস্ব কর্মকর্তা<br>সেকশন-৪ | রাজস্ব কর্মকর্তা<br>শুল্কায়ন সেকশন-৪ | ডেপুটি কমিশনার<br>শুল্কায়ন সেকশন-৪ |
| রাজস্ব কর্মকর্তা<br>(এআইআর) | জয়েন্ট কমিশনার-২ | জয়েন্ট কমিশনার-১ |
| এডিশনাল কমিশনার-২ | এডিশনাল কমিশনার-১ | |

১৩। I & T COPPER INDUSTRIES, BHITIKANDI BHABERCHAR GAZARIA MUNSHIGANJ কর্তৃক বি/ই নং- সি-১৩৮৬০০, তারিখ- ০৪/১১/১৭ এর মাধ্যমে ১টি বি/ই দাখিল করেন। বি/ই, ইনভয়েস ও প্যাকিং লিস্ট এ Fire Bricks ঘোষনা প্রদান করেন। পণ্যটি ১০০% কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষার প্রতিবেদনে Fire Bricks সহ Clay Mud, Magnesium Powder 150 Mesh, Magnesium Sand 0-3MM, Magnesium Chloried, Sodium Silicate 40-50 Degree, Asbestos Board-10MM, Silicate Board- 20MM পণ্যসমূহ পাওয়া যায় মর্মে উল্লেখ করা হয়েছে। যা আলাদা আলাদা এইচএসকোড এ শ্রেনীবিণ্যাস হয়ে থাকে। সে মোতাবেক ডামি বি/ই দেয়া হয়। কিন্তু আমদানিকারক সবগুলো পণ্যকে ০১টি ইউনিট হিসেবে শুল্কায়নের জন্য মৌখিকভাবে দাবী করেন। তারা মেশিনারী সুবিধায় শুল্কায়ন দাবী করে ০১টি রেফারেন্স পেশ করেন যা এইচএসকোড ৬৯০২.১০.০০ তে শুল্কায়ন করা হয়েছে। কিন্তু Fire Bricks পণ্যটি ৬৯০২.৯০.০০ এইচএসকোড এ শুল্কায়ন হয়ে থাকে (ডাটাবেইস সংযুক্ত)। এই প্রেক্ষিতে আমদানিকারকের উপস্থিতিতে অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সাথে আলোচনা হয়। আলোচনা মোতাবেক ২৯/১১/২০১৭ তারিখ এ্যাসেসমেন্ট কমিটির সভা আহবাণের সদয় নির্দেশ প্রদান করা হয়

১৪। ২৯/১১/২০১৭ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি অতিরিক্ত কমিশনার-১, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সভাপতিত্বে কমিটির সকল কর্মকর্তা/সদস্যের উপস্থিতিতে এ্যাসেসমেন্ট কমিটি এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় আলোচ্য পণ্য চালানটির শুল্কায়নযোগ্য এইচএসকোড নির্ধারন বিষয়ে আলোচনা হয়।

১৫। আলোচনার পর সিদ্ধান্ত হয় যে, আলোচ্য চালানটি ঘোষিত পণ্য CAPITAL MACHINERY FOR OVERHAULING/ REPAIRING OF COPPER FURNACE CASTING AND ROLLING : FIRE BRICKS এবং ১টি এইচএসকোডে শুল্কায়ন না করে পণ্যগুলো আলাদা আলাদা বর্ণনা উল্লেখ পূর্বক স্ব স্ব এইচএসকোডে শ্রেনীবিণ্যাসযোগ্য। নিম্নে পণ্যগুলোর এইচএসকোড ছক আকারে উপস্থাপন করা হলো ঃ

| S/L | এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী | ACTUAL & H.S CODE RATE & OF DUTY |
|---|---|---|
| Ô1 | 2 | 3 |
| 1 | FIRE BRICKS<br>C/O: CHINA | **6902.90.00**<br>CD-10%+ VAT-15% + Others |
| 2 | CLAY MUD (E/R)<br>C/O: CHINA | **2508.30.00**<br>CD-5%+ VAT-15% + Others |
| 3 | MAGNESIUM POWDER 150 MESH (E/R)<br>C/O: CHINA | **2519.90.00**<br>CD-10%+ VAT-15% + Others |
| 4 | MAGNESIUM SAND 0-3MM (E/R)<br>C/O: CHINA | **2505.90.00**<br>CD-10%+ VAT-15% + Others |
| 5 | MAGNESIUM CHLORIDE (E/R)<br>C/O: CHINA | **2827.31.00**<br>CD-5%+ VAT-15% + Others |
| 6 | SODIUM SILICATE 40-50 DEGREE (E/R)<br>C/O: CHINA | **2839.19.00**<br>CD-10%+ VAT-15% + Others |
| 7 | ASBESTOS BOARD = 10MM (E/R)<br>C/O: CHINA | **6812.92.00**<br>CD-25%+RD-3% + VAT-15% + Others |
| 8 | SILICATE BOARD = 20MM (E/R)<br>C/O: CHINA | **6809.19.00**<br>CD-25%+RD-3% + VAT-15% + Others |

। সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ উক্ত বক্তেব্যের সাথে একমত পোষন করেন।

T-65807
আমদানিকারক/মনোনীত
সিএন্ডএফ এজেন্ট

সিএন্ডএফ এজেন্ট
এসোসিয়েশন প্রতিনিধি

চেম্বার প্রতিনিধি

29.11.17
সহকারী রাজস্ব কর্মকর্তা-৪

29/11/17
রাজস্ব কর্মকর্তা-৪

29.11.17
এ্যাসিস্ট্যান্ট কমিশনার

অনুরূপা দেব
সহকারী কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম

যুগ্ম-কমিশনার-২

যুগ্ম-কমিশনার-১

অতিরিক্ত কমিশনার-১

১৪। ০৩/০৪/২০১৮ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার সময় এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি অতিরিক্ত কমিশনার-১, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সভাপতিত্বে কমিটির সকল কর্মকর্তা/সদস্যের উপস্থিতিতে এ্যাসেসমেন্ট কমিটি এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় UMBRELLA FRAME, UMBRELLA FABRICS & ACCESSORIES নামক পণ্যের এইচএসকোড নির্ধারণ বিষয়ে আলোচনা হয়।

১৫। আলোচ্য পণ্য চালানটি জেটি কাস্টমস কর্তৃক ১০০% কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষায় Umbrella Fabrics এবং ঘোষণা বর্হিভূত প্রাপ্ত Accessories (Hendle, Sticker Top Cap Etc) সমূহের সমন্বয়ে Essential Character বিবেচনায় নিয়ে ১৭২০০ পিস ১৯" পূর্ণাঙ্গ ছাতা হিসাব শুল্কায়নের বিষয়ে কায়িক পরীক্ষার প্রতিবেদন প্রদান করেন।

১৬। <u>সিদ্ধান্ত</u> ঃ উক্ত সভায় কমিটির সদস্যগণ, ইতোমধ্যে অভিন্ন পণ্যের নথি নং- ১৬০৬/এপি/সেকশন-৪/১৭-১৮ এর মাধ্যমে Umbrella Cover (Fabrics) যা Further Worked. পণ্যটি একধরনের Made up article হওয়ায় এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্যবৃন্দ পণ্যের এইচএসকোড ৬৩০৭.৯০.০০ তে শ্রেনীবিন্যাসযোগ্য মর্মে একমত পোষন করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক আলোচ্য পণ্য Umbrella Fabrics এর ক্ষেত্রেও এইচএসকোড ৬৩০৭.৯০.০০ তে ও পণ্যের মূল্য প্রতি কেজি ২.২৫ মাঃ ডলার এবং Umbrella Accessories এর এইচএসকোড ৬৬০৩.৯০.০০ শ্রেনীবিণ্যাসযোগ্য মর্মে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

০৪/০৪/২০১৮
আমদানিকারক/মনোনীত প্রতিনিধি সিএন্ডএফ এজেন্ট

সিএন্ডএফ এসোসিয়েশন প্রতিনিধি

চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের প্রতিনিধি

৪/৪/১৮
সহকারী রাজস্ব কর্মকর্তা
সেকশন-৪

সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৪
কাস্টম হাউস, চট্টগ্রাম।

রাজস্ব কর্মকর্তা ০৪।০৪।১৮
শুল্কায়ন সেকশন-৪

মোঃ মহসিন
রাজস্ব কর্মকর্তা
সেকশন-৪
কাস্টম হাউস, চট্টগ্রাম।

০৩/০৪/২০১৮
ডেপুটি কমিশনার
শুল্কায়ন সেকশন-৪

জয়েন্ট কমিশনার-২

এডিশনাল কমিশনার-৩

এডিশনাল কমিশনার-২

এডিশনাল কমিশনার-১

নথি নং- ৩৬৫০/এপি/সেকশন-৪/১৭-১৮
নথি নং-৭০৬/এআইআর/১৭-১৮

২৪। ২০/০২/২০১৮ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় এ্যাসেসমেন্ট কমিটির সভাপতি অতিরিক্ত কমিশনার-১, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সভাপতিত্বে কমিটির সকল কর্মকর্তা/সদস্যের উপস্থিতিতে এ্যাসেসমেন্ট কমিটি এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় INSOLE SHEET এর এইচএসকোড নির্ধারন বিষয়ে আলোচনা হয়।

২৫। আলোচ্য পণ্যের INSOLE SHEET H.S CODE 48239099 তে শুল্কায়ন হয়ে আসছে। INSOLE SHEET H.S CODE 48239099 তে শুল্কায়নের জন্য ADC-1 নথি মহোদয় কতৃক অনুমোদন হয়।

২৬। পণ্য চালানটি এ আই আর কর্মকর্তা কতৃক আটক করে ১০০% কায়িক পরীক্ষা করে INSOLE SHEET এর H.S CODE 48239093 নির্ধারন করে, যা কমিশনার মহোদয় কতৃক অনুমোদিত হয়।

২৭। আমদানিকারক INSOLE SHEET নাম পণ্যটি তাদের ঘোষিত H.S CODE অর্থাৎ 48239099 তে শুল্কায়নের জন্য কমিশনার মহোদয় বরাবর আবেদন করেন।

২৮। H.S CODE নির্ধারন এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে নির্ধারন করা হয় বিধায় বিষয়টি এ্যাসেসমেন্ট কমিটির সভায় উপস্থাপন করা হয়।

২৯। সার্বিক পর্যালোচনায় কমিটির সকল সদস্যগণ BCT EXPLANATERY NOTE এর আলোকে এই সিদ্ধান্তে উপনীত হন যে, আমদানিকারকের আবেদন বিবেচনা পূর্বক আমদানিকৃত পণ্যের INSOLE SHEET এর এইচএসকোড ৪৮২৩.৯০.৯৯ তে শুল্কায়নের সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্য, চেম্বার অব কমার্স ও সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন প্রতিনিধি একমত পোষন করেন।

| | | |
|---|---|---|
| আমদানিকারক/মনোনীত প্রতিনিধি সিএন্ডএফ এজেন্ট | সিএন্ডএফ এসোসিয়েশন প্রতিনিধি | চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজের প্রতিনিধি |
| সহকারী রাজস্ব কর্মকর্তা<br>সেকশন-৪ | রাজস্ব কর্মকর্তা<br>শুল্কায়ন সেকশন-৪ | ডেপুটি কমিশনার<br>শুল্কায়ন সেকশন-৪ |
| রাজস্ব কর্মকর্তা<br>(এআইআর) | জয়েন্ট কমিশনার-২ | জয়েন্ট কমিশনার-১ |
| এডিশনাল কমিশনার-২ | এডিশনাল কমিশনার-১ | |